



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়  
গণযোগাযোগ অধিদপ্তর  
জেলা তথ্য অফিস, মাগুরা  
তথ্য অফিসারের দপ্তর

স্মারক নম্বর: ১৫.৫৬.৫৫০০.০০০.১৬.০০১.২৩.২৯

১৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ২৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: নভেম্বর/২০২৩ মাসের ২য় পাক্ষিক জনমত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- ১. বিদ্যুৎ পরিস্থিতি :** মাগুরা জেলাতে বিদ্যুৎ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আপাতত কোন সমস্যা নেই।
- ২. তেলের মূল্য :** ভোজ্য তেলের মূল্য স্থিতিশীল রয়েছে। পেট্রোল, ডিজেল ও লুব্রিকেন্টের দামও স্থিতিশীল রয়েছে।
- ৩. প্রাথমিক শিক্ষা :** ১৩ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ হতে প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা চলমান রয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে যথাযথ পাঠদান অব্যাহত রয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীর অভিভাবক উপবৃত্তির টাকা পাচ্ছেন। সরকারের এই উদ্যোগকে সাধারণ জনগণ সাধুবাদ জানিয়েছেন।
- ৪. স্থানীয় বিষয় :** যথাযথ মর্যাদায় মাগুরাতে শ্রী শ্রী কাত্যায়নী পূজা অনুষ্ঠিত হয়েছে। জনগণ স্বতঃস্ফূর্তভাবে অনুষ্ঠানে যোগ দেয়। শ্রী শ্রী কাত্যায়নী পূজার মেলা আগামী ৩০ নভেম্বর পর্যন্ত চলবে।
- ৫. পরিবেশ :** সঠিক সময়ে বর্জ্য অপসারণ এবং ডেনেজ ব্যবস্থা উন্নয়নের কাজ চলমান রয়েছে। পরিবেশ সুরক্ষায় বৃক্ষরোপন কর্মসূচী অব্যাহত রয়েছে।
- ৬. আইন শৃঙ্খলা :** জেলা আইন শৃঙ্খলা মাসিক সমন্বয় সভায় পুলিশ বিভাগ থেকে জানানো হয়েছে যে, জেলার সার্বিক আইন শৃঙ্খলা ভালো আছে। বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতিতে মাগুরার জনগণ সন্তোষ প্রকাশ করেছেন।
- ৭. দ্রব্যমূল্য :** তেল, চাল, চিনি, আটাসহ কিছু কিছু নিত্য পণ্যের দাম স্থিতিশীল রয়েছে। শীতের মৌসুমী শাকসবজি বাজারে আসায় দাম কিছুটা কমেছে। তবে মাছের মূল্য চড়া।

২৯-১১-২০২৩

পাভেল দাস

তথ্য অফিসার (বু.দা.)

০২৪৭৭৭১০২৫০

diomagura@yahoo.com

মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।



